জীবননগরে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত

জীবননগরে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর বাসস্ট্যান্ডের মুক্ত মঞ্চে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভায় লিখিত বক্তব্য মোঃহিজবুল্লাহ বলেন, ইকতা এবং আমার রাজনৈতিক সহযোদ্ধা, শাকিল, মুঞ্জিল, জাহিদ ও সজলের বিরুদ্ধে আজ বুধবার দৈনিক মাথাভাঙায় আমাদের বিরুদ্ধে চাঁদাবাজি ও মাস্তানি বিষয়ে একটি সংবাদ প্রকাশিত হয় যা আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

প্রকাশিত সংবাদে উল্লেখিত ঘটনার বিষয়ে আমরা বলতে চাই গত ১১-১১-২০২৪ রোজ সোমবার রাত ১০টার দিকে জীবননগর পৌর শহরের হাসপাতাল পাড়ার মোশারফ হোসেনের ছেলে লেলিনের কাছে পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে সে আমাদের উপর ক্ষিপ্ত হয় এবং মার মুখে আচরণ করে। পরবর্তীতে সেখানে জীবননগর পৌর শহরের চার নম্বর ওয়ার্ডের পুটু হোসেনের ছেলে বিদ্যুৎ চলে আসে এবং পুনরায় আমাদের ওপর মার মুখি আচরণ করে। পরবর্তীতে আমরা সেখান থেকে চলে আসি এছাড়াও প্রকাশিত সংবাদে সম্রাট অটোর সামনে টাকা ছিনতাই এবং ভ্যান থেকে যাত্রীদের কাছ থেকে টাকা কেড়ে নেয়ার বিষয়টি সম্পূর্ণ মিথ্যা এবং বানোয়াট। এছাড়াও প্রকাশিত সংবাদে আমার রাজনৈতিক সহযোগিতা মুঞ্জিলের বিরুদ্ধে আনতো জেলা ঢাকাত দলের সদস্য হিসেবে আখ্যা দেওয়া হয় সেই সাথে মাগুরায় সে অস্ত্রসহ ধরা পড়েছে এমন বিষয় উল্লেখ করা হয় যা সত্যিকার অর্থে কাল্পনিক ঘটনা। মঙঞ্জিলের বিরুদ্ধে সারা বাংলাদেশে কোন ডাকাতি বা অস্ত্রের সাথে সম্পর্কিত এরূপ কোন মামলা নাই। প্রকাশিত সংবাদ যেটি হয়েছে সেটি সম্পূর্ণ মিথ্যা বানোয়াট এবং ভিত্তিহীন।

বিশেষ করে জীবননগর উপজেলা বিএনপি’র সুনাম ক্ষুন্ন সহ জাতীয়তাবাদী বিএনপি’র সুনাম নষ্ট করার জন্য কিছু ব্যাক্তি এখনও কাজ চালিয়ে যাচ্ছে। যা আমাদের জন্য অত্যন্ত লজ্জাকর এবং হতাশাজনক।

চুয়াডাঙ্গা জেলার সম্মানিত আহবায়ক ও চুয়াডাঙ্গা ২ আসনের জাতীয়তাবাদী বিএনপি’র কান্ডারী মাহমুদ হাসান খান বাবুর নির্দেশে

আমরা জীবননগর উপজেলায় বিএনপিকে সুসংঘটিত সহ দিনরাত নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। কিন্তু আমাদের এই সুনামকে নষ্ট করার জন্য একদল কুচক্রী মহল সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য দিয়ে সংবাদ প্রকাশ করছে। আমরা তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এ সময় উপস্থিত ছিলেন, মোঃ ইকতা, হিজবুল্লাহ, শাকিল, মুঞ্জিল প্রমুখ।

কোটচাঁদপুরে কৃষি উপকরনের ক্ষতিকর প্রভাব বিষয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত

নকল ও ভেজাল কৃষি উপকরনে ক্ষতিকর প্রভাব বিষয়ক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরে সিনজেনটা বাংলাদেশ লিমিটেডের সহযোগিতায় অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা করা হয়।

সভায় উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রাজিবুল হাসান সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিনজেনটার কর্পোরেট সিকুরিটি ম্যানেজার (অবঃ) মেজর জামাল হায়দার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিনজেনটার এরিয়া সেলস ম্যানেজার কৃষিবিদ আল-মুজাহিদ মৃদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত কৃষি অফিসার কৃষিবিদ এস.এম. নাজমুস সাকিব শাহিন, সিনজেনটা পরিবেশক দেলওয়ার হোসেন।

সভায় নকল ও ভেজাল পণ্যের কুফল তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিবৃন্দরা।

মুজিবনগরে উপজেলা প্রশাসনের মাসিক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পর্যায়ের মাসিক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছেন। আজ বুধবার উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে সকাল এগারোটা থেকে এসব সভা অনুষ্ঠিত হয়।

মাসিক সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, উপজেলা জঙ্গিবাদ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, উপজেলা চোরা চালান প্রতিরোধ কমিটির, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটিসহ উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, উপজেলা যৌতুক বাল্যবিবাহ নিরোধ এবং জন্ম মৃত্যু নিবন্ধন কমিটি সহ উপজেলা পর্যায়ের ১৫ টি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমেন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লালটু মিয়া, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

ঝিনাইদহে রূপান্তর সিটিপ এক্টিভিস্টদের গ্রুপ ফর্মেশন এন্ড ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

আশ্বাস প্রকল্পের আওতায় উন্নয়ন সংস্থা “রূপান্তর”এর আয়োজনে ঝিনাইদহ জেলার সিটিপ এক্টিভিস্টদের নিয়ে গ্রুপ ফর্মেশন এন্ড

ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

জেলা শহরের সৃজনী ফাউন্ডেশন কনফারেন্স রুমে গতকাল মঙ্গলবার সকাল ১০টায় থেকে দিনব্যাপী এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টশনে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন সিটিপ এক্টিভিস্ট এর জেলা পর্যায়ের সকল সদস্যবৃন্দ।

আশ্বাস প্রকল্পের প্রোগ্রাম অফিসার উজ্জ্বল কুমার পালের সঞ্চালনায় ওরিয়েন্টেশনে প্রকল্পের কার্যক্রম ও সিটিপ এক্টিভিস্ট এর দায়িত্ব কর্তব্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আশ্বাস প্রকল্পের (ক্লাস্টার-২) এর প্রকল্প সমন্বয়কারী রবিউল ইসলাম বাবু। এছাড়া উইনরক ইন্টারন্টারন্যাশনালের রিজওনাল কো-অর্ডিনেটর সুপ্তি দিব্রা আশ্বাস প্রকল্পের ধারাবাহিকতা ও মানব পাচার প্রতিরোধে স্বক্রিয় কর্মী/সিটিপ এক্টিভিস্ট গঠনের প্রক্রিয়া ও কর্মপদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি ঢাকা আহসানিয়া মিশনের প্রজেক্ট ম্যানেজার মাসুদ পারভেজ তাদের আশ্বাস প্রকল্পের কর্মপদ্ধতি নিয়ে আলোচনা করেন।

ওরিয়েন্টশনে প্রকল্প পরিচিতি, মানব পাচার বিষয়ক প্রাথমিক ধারনা, মানব পাচার প্রতিরোধে স্বক্রিয় কর্মীর অগ্রাধিকার ভিত্তিক কাজ চিহ্নিতকরন, মানব পাচার প্রতিরোধে করনীয় বিষয়গুলি চিহ্নিতকরণ নিয়ে আলোচনা করেন।

এ অনুষ্ঠানে উইনরক ইন্টারন্যাশনাল কর্তৃক আশ্বাস প্রকল্পের জন্য নির্মিত “প্রেরণার আলোকশিখা” নামক একটি ডকুমেন্টরি ভিডিও দেখানো হয়। যেখানে মানব পাচারের শিকার সারভাইভারদের সংগ্রাম, বৈষম্য ও ফিরে আসার গল্প তুলে ধরা হয়েছে। উল্লেখ্য আশ্বাস প্রকল্পটি সুইজারল্যান্ড সরকার এর সহযোগিতায় উইনরক ইন্টারন্যাশনাল এর বাস্তবায়নে যশোর ও ঝিনাইদহ জেলায় ‘রূপান্তর’ মাঠ পর্যায়ে কাজ করছে।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর সদস্য সম্মেলন অনুষ্ঠিত

‘ ‘মানবতার সেবা ও দেশ পরিচালনার যোগ্যতা অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন’’ এই প্রতিপাদ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার সদস্য (রুকন) সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১২ নভেম্বর) সকাল ১০ টার দিকে মেহেরপুর শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর তাজউদ্দিন আহমেদ।
সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও অঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ৫ই আগস্টের বিপ্লবের পর থেকে আমাদের জামায়াত সারা বাংলাদেশের প্রতিটি ঘরে পৌঁছানোর চেষ্টা করেছে। আমরা মানুষের পাশে দাঁড়িয়েছি, তাদের উদ্বেগ ও দুর্দিনে সহায়তা প্রদান করেছি। শহীদ ভাইদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা ঘরে ঘরে গিয়েছি এবং তাদের পরিবারের পাশে দাঁড়িয়েছি। আহত ভাইদের চিকিৎসার জন্যও আমরা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। এভাবেই আমরা জাতির কল্যাণে কাজ করে যাচ্ছি এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবো।

তিনি আরও বলেন, বর্তমান সরকারকে একটি যৌক্তিক সময়ের মধ্যে সংস্কার করে নির্বাচন দিতে হবে। সবকিছু মিলিয়ে, ড. শফিকুল রহমান ও বাংলাদেশ জামায়াতে ইসলামী বাংলাদেশের জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বর্তমানে মানুষ আমাদের দিকে তাকিয়ে স্বপ্ন দেখতে শুরু করেছে, এবং জামায়াতে ইসলামী তাদের সেই স্বপ্ন দেখাচ্ছে। তাই, আগামী নির্বাচনে জামায়াত কাঙ্খিত ফলাফল অর্জন করতে সক্ষম হবে এবং জাতি একটি ইনসাফপূর্ণ ও সুস্থ সমাজ প্রতিষ্ঠার দিকে অগ্রসর হবে।

জেলা শাখার সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইনের পরিচালনায় সম্মেলনে চুয়াডাঙ্গা জেলা আমীর এ্যাড. রুহুল আমিন, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিম সদস্য ড. আলমগীর বিশ্বাস, জেলা নায়েবে আমীর মাওঃ মাহবুব-উল

আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এতে বক্তারা বলেন, মানবতার সেবা, দেশ পরিচালনার দক্ষতা এবং আল্লাহর সন্তুষ্টি অর্জনই আমাদের প্রধান উদ্দেশ্য হওয়া উচিত। তাঁরা জামায়াতে ইসলামীকে একটি গণতান্ত্রিক, মানবিক ও ন্যায়বিচারের আন্দোলন হিসেবে তুলে ধরে বলেন, ‘‘আমরা চাই একটি সাম্যভিত্তিক সমাজ ব্যবস্থা, যেখানে প্রতিটি নাগরিক তার অধিকার পাবেন।’’

এছাড়াও এসময় মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

সম্মেলনের শেষে মেহেরপুর জেলা আমীর দেশ ও জাতির কল্যাণে জামায়াতে ইসলামীর আদর্শে উজ্জীবিত হয়ে কাজ করতে শপথ গ্রহণ করেন। শপথ পাঠের পর সংগঠনের উন্নতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ডকুমেন্টারি প্রদর্শন করানো হয়।

সম্মেলনের দ্বিতীয় পর্বে জেলা মজলিসে শুরার ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় এবং গিফট বিতরণ করা হয়।

এছাড়া, সম্মেলনে বাংলাদেশের মুসলিম সমাজের ঐক্য ও আল্লাহর প্রতি নিষ্ঠা অব্যাহত রাখার জন্য সকলকে একত্রিত হওয়ার আহ্বান জানানো হয়।

আলমডাঙ্গায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ২০২৪-২৫ অর্থবছরে তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার বিকেল ৪ টার দিকে উপজেলার বকসিপুর-মাজু গ্রামের মাঠে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে মাঠ দিবস ও কারিগরি

আলোচনার কর্মসূচি পালন করা হয়।

মাঠ দিবস ও কারিগরি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার ডিডি, ডিএই, কৃষিবিদ মো: মাসুদুর রহমান সরকার।

প্রধান অতিথির বক্তব্যে কৃষিবিদ মাসুদুর রহমান সরকার বলেন, সরিষা তেলজাতীয় ফসল। এই ফসলের মাধ্যমে তিনটি উপাদান পাওয়া যায়। সেগুলো হলো তেল, মধু ও জ্বালানি কাঠ পাওয়া যায়। সরিষা চাষে যেমন শারীরিক উপকারে আসে তেমনি আর্থিকভাবেও স্বাবলম্বী করে তোলে। আপনাদের এলাকায় সরিষা চাষে ব্যাপক সাড়া পাওয়াই এঅঞ্চলে মৌসুমে হলুদ ফুলে ছেয়ে যায়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- যশোর আঞ্চলিক তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মনিটরিং অফিসার কৃষিবিদ এ,এইচ,এম জাহাঙ্গীর আলম, উপসহকারী কৃষি আবু জাফর ওবাইদুল্লাহ, উপসহকারী কৃষি অফিসার হুমায়ন কবির, রফিকুল ইসলাম, মতিয়ার রহমান, পাপিয়া খাতুন, শারমিন আক্তার, সেলিনুর রহমান। এছাড়া আলোচনা সভার আগে কৃষকদের মাঝে সরিষা ও ভুট্রা উৎপাদনে বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার(১০ নভেম্বর) সকাল দশটার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা আয়োজন করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, সিভিল সার্জন ডা. মহী উদ্দীন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

রনি আলম নুর, এন এস আই’র ডিডি মিজানুর রহমান, মেহেরপুর জেলা কমান্ড্যান্ট সাজ্জাদ মাহমুদ, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম ,গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতীম কুমার সাহা, সদর উপজেলার (ভারপ্রাপ্ত) উপজেলা নির্বাহী কর্মকর্তা গাজী মূয়ীদুর রহমান, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আশাদুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষচন্দ্র বালা, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেম প্রমুখ।

দামুড়হুদায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদার জয়রামপুরে ২০২৪-২০২৫ অর্থ বছরে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১২টার সময় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে জয়রামপুর শেখ পাড়ায় রুহুল আমিনের আম বাগানে এই মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মনিটরিং অফিসার এ এইচ এম জাহাঙ্গীর আলম।

এ ছাড়াও অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষ্ণ রায়, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, উপ-সহকারী কৃষি অফিসার জালাল উদ্দীন, খালিদ সাইফুল্লাহ, মুকুল হোসেন, হাবিবুর রহমান সহ স্থানীয় কৃষক কৃষাণী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ওয়ার্ড বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড বিএনপির মত বিনিময় সভা অনুষ্ঠানে হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) রাত ৮ টার দিকে ৮নং ওয়ার্ডের নওদাবন্ডবিলে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

মতবিনিময় সভায় ৮নং ওয়ার্ড বিএনপির সভাপতি আলিম উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক আসিফ আল-নূর তানিম।

এ সময় তিনি বলেন, আমরা আজকে যেভাবে একত্রিত হয়ে মত বিনিময় সভা করছি, সে ভাবে আমাদের একসাথে বসার কোন সুযোগ ছিলো না, আজকে স্বৈরাচার হাসিনার পতনের পর যেভাবে পালিয়ে গিয়েছে, তাকে পালিয়ে যেতে দেওয়া ঠিক হয়নি। হাসিনা পালিয়ে গেলেও তার দোসররা আমাদের আশে পাশে আছে। তারা যেনো আমাদের উপরে খবরদারি করতে না পারে সেদিকে সবাইকে সজাগ থাকতে হবে। তিনি বলেন,আমাদের সবাইকে শরিফুজ্জামান শরিফ ভাইয়ের হাতকে শক্তিশালী করতে হবে।

আলমডাংগা পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসনাত রিংকুর সঞ্চালনায় বক্তব্য রাখেন আলমডাংগা উপজেলা ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আল ইমরান রাসেল পৌর বিএনপি সাবেক সাধারণ সম্পাদক মোঃ সেকেন্দার আলী, ৮নং ওয়ার্ড সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম নান্নু সিনিয়র সহ-সভাপতি হায়দার আলী, সহ-সভাপতি আব্দুর রশিদ সাংগঠনিক সম্পাদক মোঃ আজম আলী, পৌর যুবদলের যুগ্ন আহবায়ক হাফিজুর ইসলাম, ৮ নং ওয়ার্ড যুবদলের সভাপতি উজ্জল যুগ্ন সম্পাদক আব্দুল মিয়া, ৬ নং ওয়ার্ড বিএনপির সহ সভাপতি আকুল আলী, পৌর যুবদলের যুগ্ন আহবায়ক হাফিজুর রহমান, লিলি, আলমডাঙ্গা

ছাত্রদলের যুগ্ন আহবায়ক ওয়াহিদুজ্জামান শুভ ৮নং ওয়ার্ড ছাত্রদলের প্রচার সম্পাদক কাজল রহমান এ ছাড়াও আলমডাঙ্গা ০৮নং ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় জেলা জামায়াতের আয়োজনে রুকন সম্মেলন অনুষ্ঠিত

জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন- বর্তমান আন্তবর্তী সরকারকে অনেক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে, ৫ আগস্ট বিপ্লবের পর পাল্টা প্রতিবিপ্লবের চক্রান্ত করছে হাসিনা। ফ্যাসিস্ট সরকারের দলবাজ প্রধান বিচারপতি নতুন অন্তর্বর্তীকালীন সরকারকে অবৈধ বলে চক্রান্ত করেছিল। তবে ছাত্রজনতা তাদের সেই ষড়যন্ত্র ব্যর্থ করে দিয়েছে। দেশ সংস্কারে যতটুকু সময় দরকার ততটুকু সময় অবশ্যই দেয়া হবে। কিন্তু অর্নিদিষ্ট সময় পর্যন্ত এটা চলতে পারে না। শেখ হাসিনা দেশের বাইরে বসে দেশবিরোধী ষড়যন্ত্রে লিপ্ত আছে। নানান অডিও-ভিডিও দিয়ে অপপ্রচার করা হচ্ছে। কখনো বলা যাচ্ছে, যেকোন সময় দেশে ঢুকে পড়বে আবার কখনো বলছে ডিসেম্বরের মধ্যে কাজ সারতে হবে।

আওয়ামী লীগের রাজনীতি প্রসঙ্গে জামায়াত নেতা আরও বলেন, এমন হত্যা, নারকীয় তান্ডব চালানো নিষ্ঠুর বর্বর খুনী শাসককে দেশের মানুষ আর ক্ষমতায় বসতে দিবে না। তাদের রাজনীতি আর নির্বাচনে আসার নৈতিক অধিকার নেই। আওয়ামী লীগ শুধু ফ্যাসিস্টই নয়, স্যাডিস্ট। হাসিনা যে অপরাধ করেছে তা শুধু ফ্যাসিস্ট বলে কভার করা যায় না, তিনি স্যাডিস্টও। কারন, সে মানুষের দুঃখ, কষ্ট, বেদনা, খুন, গুম দেখে ইনজয় করেছে। সকল খুনের মাস্টারমানইন্ড শেখ হাসিনাই ইতিহাসের শ্রেষ্ঠতম স্যাডিস্ট। জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার চুয়াডাঙ্গার দর্শনায় চুয়াডাঙ্গা জেলা জামায়াত আয়োজিত বিশেষ রুকন (সদস্য) সম্মেলনে এসব কথা বলেন।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) দুপুর আড়াইটায় জেলার দর্শনা পৌর অডিটোরিয়াম কাম-কমিউনিটি সেন্টারে জেলা জামায়াতের আয়োজিত বিশেষ

রুকন সম্মেলনে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর মোঃ রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত রুকন সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া আঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাডভোকেট মোঃ আসাদুজ্জামানের সঞ্চালনায় সমাবেশে শুভেচ্ছা বক্তব্য রাখেন যশোর-কুষ্টিয়ার অঞ্চল টিম সদস্য ড. আলমগীর বিশ্বাস, মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দীন খান প্রমুখ।

এর আগে ২০২৫-২৬ সেশনের জন্য জেলা আমীর হিসেবে পুনঃনির্বাচিত মোঃ রুহুল আমিনকে শপথ বাক্য পাঠ করান অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। সন্মেলনে জামায়াতের জেলার ৮টি সাংগঠনিক থানার দেড় হাজারেরও বেশী রুকন উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথির বক্তব্যে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোঃ মোবারক হোসাইন বলেন- জামায়াতের রুকনদের উদ্দেশ্যে আল্লাহর ঘোষনা ও বাইয়াত অনুযায়ী নামাজ, কুরবানী, জীবন ও মরণ আল্লাহর নির্দেশনা মোতাবেক পরিচালিত করতে আহবান জানান।

সন্মেলনে চুয়াডাঙ্গা জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, সহকারী সেক্রেটারী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, দর্শনা থানা আমীর মাওলানা রেজাউল ইসলাম. দামুড়হুদা উপজেলা আমীর মোঃ নায়েব আলী, চুয়াডাঙ্গা সদর উপজেলা আমীর বেলাল হোসাইন, আলমডাঙ্গা উপজেলা আমীর মোঃ দারুস সালাম, সহ সকল শাখা আমীর ও সেক্রেটারীবৃ›দ্ব এবং ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা জেলা সভাপতি হাফেজ মোহসিন এমদাদুল্লাহ জামেন উপস্থিথ ছিলেন।